

কালের কণ্ঠ

বিদেশিরা বাংলাদেশ থেকে প্রতি বছর চার বিলিয়ন ডলার নিয়ে যাচ্ছে : অর্থমন্ত্রী

কালের কণ্ঠ অনলাইন

১৪ সেপ্টেম্বর, ২০১৫



ফাইল ফটো

আমাদের দক্ষতার অভাবে বিদেশিরা বাংলাদেশ থেকে প্রতি বছর চার বিলিয়ন ডলার নিয়ে যাচ্ছে। এটি প্রতি বছরই বাড়ছে। আমরা যে উন্নয়ন লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছি, তা অর্জন করতে হলে আমাদের দক্ষ জনবল

বাড়াতে হবে। কারণ দক্ষতার উন্নয়ন ছাড়া অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। আজ সোমবার বিকেলে রাজধানীর কারওয়ান বাজারে সোনারগাঁও হোটেল স্কিল ফর ইমপোলয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, এ প্রকল্পের আওতায় বিজিএমইএ, বিকেএমইএ, বেসিস ও শিপবিল্ডারসহ ৫টি সংগঠন ২ লাখ ৬০ হাজার দক্ষ কর্মী তৈরি করবে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন খাতে নিয়োজিত অদক্ষ, অর্ধদক্ষ কর্মজীবী গোষ্ঠীর উৎপাদনশীলতা বাড়ানো ও যোগ্যতার মানোন্নয়ন। এ প্রকল্পের অধীনে বিজিএমইএ প্রকল্পের অন্যতম সেবা হচ্ছে দক্ষতাভিত্তিক বিভিন্ন পদে ৪৩ হাজার ৮০০ দক্ষ কর্মী গড়ে তোলা। এ লক্ষে তারা কাজ শুরু করেছে। ইতোমধ্যেই প্রকল্পের প্রথম মাইলস্টোন টার্গেট পূরণের পর্যায়ে বিজিএমইএ পৌঁছে গেছে। বিজিএমইএ'র ভারপ্রাপ্ত সভাপতি এস এ মান্নান কচির সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিজিএমইএ'র সাবেক সভাপতি ও এফবিসিসিআই প্রথম সহসভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন, বিজিএমইএ'র সহসভাপতি সিদ্দিকুর রহমান, বিজিএমইএ'র সহসভাপতি রিয়াজ বিন মাহমুদ সুমন (অর্থ) বক্তব্য দেন।

এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাহবুব আহমেদ, অতিরিক্ত সচিব ও জাতীয় প্রকল্প পরিচালক, এসইআইপি জালাল আহমেদ, বিজিএমইএ সাবেক সভাপতি আব্দুস সালাম মুর্শেদী, বর্তমান সহসভাপতি শহীদুল্লাহ আজিম প্রমুখ।